সংবাদ

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা ১০

# মাদারীপুরের অধিকাংশ স্কুলেই বিজ্ঞানাগার নেই

**রিপন চন্দ্র মল্লিক, মাদারীপুর**

মাদারীপুরের মাধ্যমিক বিদ্যালয়গুলোর নেই পর্যাপ্ত বিজ্ঞানাগার। যাও বা হাতে গোনা দুই একটি বিদ্যালয়ে রয়েছে তাও হয়ে পড়েছে ব্যবহারের অনুপযোগী। ফলে মানসম্মত শিক্ষা পাচ্ছে না শিক্ষার্থীরা। এদিকে বিদ্যালয় কর্তৃপক্ষের অভিযোগ বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়েও কোন লাভ হয়নি। এ ব্যাপারে কথা বলতে রাজি হয়নি জেলা শিক্ষা কর্মকর্তা। তবে, শীঘ্রই অর্ধশত বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব চালু বলে জানিয়েছেন জেলার ভারপ্রাপ্ত সহকারী প্রোগ্রামার।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মাদারীপুরের রাজৈরের আমগ্রাম উচ্চ বিদ্যালয়টি ১৯১৭ সালে প্রতিষ্ঠার পর ১৯৮৪ সালে এমপিওভুক্ত হয়। কিন্তু একশ বছরের এই পুরানো বিদ্যালয়ে নেই কোন বিজ্ঞানাগার। একই অবস্থা মাদারীপুর পৌর এলাকার 'চরমুগরিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের'। আর কুলপদ্বী উচ্চ বিদ্যালয়ে পুরনো একটি বিজ্ঞানাগার থাকলেও ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে এটি। পাশাপাশি ভবনে ফাটল দেখা দেয়ায় এটিকে পরিত্যক্ত ঘোষণা করেছে প্রশাসন। এসব বিদ্যালয়ে বিজ্ঞানাগার না থাকায় হাতেকলামে শিক্ষা পাচ্ছে না বিজ্ঞান শাখার শিক্ষার্থীরা। ফলে লেখাপড়া ব্যাহতের কারনে পরীক্ষায় ভালো ফলাফল নিয়ে শঙ্কিত তারা। আবার বেশ কিছু স্কুলে সায়েন্স ল্যাব না থাকায় বিজ্ঞান শাখাই খুলতে পারছে না। আমগ্রাম উচ্চ বিদ্যালয়, মাদ্রা উচ্চ বিদ্যালয় ও চরমুগরিয়া গার্লস স্কুলের বেশ কয়েকজন শিক্ষার্থীর সাথে কথা বললে তারা জানান, 'বিজ্ঞান বিষয়টি হচেছ হাতে কলমে শেখার একটি বিষয়। কিন্তু আমাদের স্কুলগুলোতে ল্যাব না থাকায় আমরা সেই শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছি। ফলে আমাদের স্কুলের অনেকেই বিজ্ঞান সাবজেক্টে পড়তে চায় না। বিদ্যালয় কর্তৃপক্ষের অভিযোগ, বিষয়টি একাধিকবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানালেও আশ্বাস মিললেও সমাধান হয়নি। এ বিষয়ে ক্যামেরার সামনে জেলা শিক্ষা কর্মকর্তা কোন কথা বলতে রাজি হননি। এব্যাপারে মাদারীপুর সদর উপজেলার মাদ্রা উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক কাজী ওবায়দুর রহমান বলেন, 'আমাদের স্কুলে কোন সায়েন্স ল্যাব না থাকায় আমরা এই স্কুলটিতে এখনও পর্যন্ত সায়েন্সের শাখাই খুলতে পারিনি। তবে আমরা খুব শীঘ্রই সায়েন্স শাখা খোলার চেষ্টা চালিয়ে যাচ্ছি।' তবে, শীঘ্রই বেশ কয়েকটি বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব চালু বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ অধিদপ্তরের এই কর্মকর্তা। মাদারীপুর তথ্য যোগাযোগ অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার সৈয়দ জাকির হোসেন বলেন, 'আমরা মাদারীপুরে বেশ কিছু স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করেছি। এই ল্যাব চালু করার কারণে বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থীরা খুব উন্নত ভাবে বিজ্ঞানের বিভিন্ন বিষয় শিখতে পারবে।' মাদারীপুরের ৪টি উপজেলায় ১৬৯টি মাধ্যমিক বিদ্যালয় ও ৭০টি মাদ্রাসা রয়েছে। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে দেড় লাখেরও বেশি শিক্ষার্থী পড়ালেখা করে।

**বিজ্ঞানের ব্যবহারিক জ্ঞান ছাড়াই এসএসসি উত্তীর্ণ হচ্ছে শিক্ষার্থীরা**